



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
সরকারি আবাসন পরিদপ্তর  
প্রশাসন (কেন্দ্রীয়) শাখা



পরিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনয়ন সংক্রান্ত বিশেষ সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ পরিচালক
সভার তারিখ	০৮ অক্টোবর, ২০২০
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা
স্থান	সরকারি আবাসন পরিদপ্তরের সভা কক্ষ
উপস্থিতি	সকল কর্মকর্তা এবং শাখাসমূহের প্রধান কর্মচারী

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পরিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনয়ন সংক্রান্ত বিশেষ সভার কার্যক্রম শুরু করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নের সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

ক্রমিক	বিষয়	সিদ্ধান্ত	দায়িত্ব পালনকারী/শাখা	মন্তব্য
১	স্বয়ংক্রিয় পদ্ধতিতে আবেদন দাখিল সংক্রান্ত অফিস আদেশ জারী।	ডি-২ শ্রেণি, ডি-১ শ্রেণি, অস্থায়ী শ্রেণি, ই শ্রেণি এবং সমশ্রেণির পরিত্যক্ত বাসা/বাড়ি বরাদ্দ সংক্রান্ত সকল আবেদন স্বয়ংক্রিয় পদ্ধতিতে <a href="http://www.bashaonline.com">www.bashaonline.com</a> ওয়েবসাইট ব্যবহার করে করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)	
২	বিবিধ আবেদন দাখিল সংক্রান্ত	পরিদপ্তরের বিশেষায়িত সফটওয়্যার <a href="http://www.bashaonline.com">www.bashaonline.com</a> ব্যবহার করে সকল প্রকার আবেদন গ্রহণের ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক (আই, সি, টি, শাখা)	
৩	পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে স্বয়ংক্রিয় পদ্ধতিতে বাসা/বাড়ি বরাদ্দ প্রদান।	পরিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে স্বয়ংক্রিয় পদ্ধতিতে বাসা/বাড়ি বরাদ্দ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে। তবে এর ফলে পরিদপ্তরের মহিলা কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে <b>Bangladesh Allocation Rules, 1982-এর Rule 7(3)-এ</b> বর্ণিত সুবিধা ক্ষুণ্ণ হবে না।	বরাদ্দ শাখা (সকল)/আই, সি, টি, শাখা	
৪	পারস্পরিক বদলী বরাদ্দ প্রদান	পারস্পরিক বদলী বরাদ্দের ক্ষেত্রে <b>Bangladesh Allocation Rules, 1982-এর Rule 13</b> অনুসরণে ম্যানুয়ালি বরাদ্দ প্রদান করা যাবে।	বরাদ্দ শাখা (সকল)	
৫	এ/বি/সি শ্রেণির বাসার কোটা সংরক্ষণ	পরিদপ্তরের কর্মচারীগণের জন্য এ/বি/সি শ্রেণির বাসার কোটা সংরক্ষণ করতে হবে।	এ, বি, সি, বরাদ্দ শাখা/প্রশাসন শাখা	

আর কোনো আলোচনা না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ আন্তরিকভাবে পরিপালনের নির্দেশনা প্রদান করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আব্দুস সবুর মন্ডল, পিএএ  
পরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ-পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ২) উপ-পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, চট্টগ্রাম কার্যালয়
- ৩) সহকারী পরিচালক (সকল), সরকারি আবাসন পরিদপ্তর
- ৪) প্রধান সহকারী, প্রশাসন (কেন্দ্রীয়) শাখা, সরকারি আবাসন পরিদপ্তর
- ৫) সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, পরিচালকের দপ্তর, সরকারি আবাসন পরিদপ্তর
- ৬) সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, অতিরিক্ত পরিচালকের দপ্তর, সরকারি আবাসন পরিদপ্তর



মোহাম্মদ জিল্লুর রহমান

উপ পরিচালক